


নং-৫২.০১.০০০০.৩৬০.০৭.০২৪.১৯-১০৮২

তারিখ: ২০ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ
০৩ এপ্রিল, ২০১৯ খ্রিষ্টাব্দ

পুনঃদরপত্র/প্রস্তাব বিজ্ঞপ্তি (বিল বোর্ড ভাড়া সংক্রান্ত)

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের অধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতাধীন কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্পের আওতায় মে/২০১৯ সমগ্র দেশে কৃষি শুমারি অনুষ্ঠিত হবে। সঠিক ও সময়উপযোগী প্রচারের লক্ষ্যে শুমারি শুরুর পূর্বে এবং মাঠ পর্যায়ে শুমারি চালাকালে প্রচার কার্যক্রমের জন্য বিল বোর্ড ভাড়া করণের লক্ষ্যে সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে পুনঃদরপত্র/প্রস্তাব আহ্বান করা যাচ্ছে:

১.	মন্ত্রণালয়/ বিভাগ	পরিকল্পনা মন্ত্রণালয়/ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
২.	বাস্তবায়নকারী সংস্থা	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
৩.	প্রকল্পের নাম	কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প
৪.	প্রকল্পের কোড নং	৫০০৮
৫.	অর্থের উৎস	জিওবি (উন্নয়ন)
৬.	বিজ্ঞপ্তি নং	৫২.০১.০০০০.৩৬০.০৭.০২৪.১৯-১০৮২ তারিখঃ ০৪ এপ্রিল, ২০১৯ খ্রি.
৭.	পদ্ধতি	উন্মুক্ত দরপত্র/প্রস্তাব পদ্ধতি
৮.	দরপত্র/প্রস্তাব বিক্রয়, দাখিল এবং উন্মুক্তকরণের স্থান ও ঠিকানা	কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প কার্যালয়, পরিসংখ্যান ভবন (৭ম তলা, ব্লক-১), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
৯.	দরপত্র/প্রস্তাব বিক্রয়ের তারিখ ও সময়	০৪ এপ্রিল, ২০১৯ খ্রি. সকাল ৯:০০ হতে ১৫ এপ্রিল, ২০১৯ খ্রি. সকাল ১১:০০ ঘটিকা পর্যন্ত
১০.	দরপত্র/প্রস্তাব দাখিলের শেষ তারিখ ও সময়	১৫ এপ্রিল, ২০১৯ খ্রি. তারিখ, বিকাল ৩:৩০ ঘটিকা পর্যন্ত
১১.	দরপত্র/প্রস্তাব উন্মুক্তকরণের তারিখ ও সময়	১৫ এপ্রিল, ২০১৯ খ্রি. তারিখ, বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত
১২.	প্যাকেজের বিবরণ	বিল বোর্ড ভাড়া
১৩.	বিল বোর্ডের সংখ্যা	১৫ টি
১৪.	বিল বোর্ডের বিবরণী	২০০-৪০০ বর্গফুট, ৪ রং এর ডিজিটাল প্রিন্টিং
১৫.	শর্তাবলী:	
ক)	দরপত্র/প্রস্তাব কার্যক্রম পাবলিক প্রকিউরম্যান্ট আইন ২০০৬ ও বিধিমালা ২০০৮ এর শর্তাবলী অনুযায়ী পরিচালিত হবে।	
খ)	বিল বোর্ড সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি সম্পাদিত হবে। কোন ব্যক্তির সাথে চুক্তি সম্পাদন করা হবে না।	
গ)	দরপত্র দাতার যোগ্যতা: বিল বোর্ড সরবরাহের অভিজ্ঞতা সম্পন্ন অয়কর ও ভ্যাট নিবন্ধিত বৈধ ট্রেড লাইসেন্সধারী দেশীয় ঠিকাদার যাদের সরকারি/আধা সরকারি/ স্বায়ত্বশাসিত সংস্থার অধীনে বিগত ৩ বছরের মধ্যে বিল বোর্ড সরবরাহকর্তা হিসেবে কার্য সম্পাদনের অভিজ্ঞতা রয়েছে।	
ঘ)	চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে প্রকল্পের পক্ষ থেকে কার্যাদেশ প্রদান করা হবে এবং নির্বাচিত প্রতিষ্ঠানকে নিজ উদ্যোগে সংগৃহীত (৩০০/১) তিনশত টাকা মূল্যের নন-জুডিশিয়াল ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে।	
ঙ)	নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে ০% হারে নিরপত্তা জামানত (পে-অর্টারের মাধ্যমে প্রকল্প কার্যালয়ে জমা দিতে হবে) চুক্তির মেয়াদ শেষে উক্ত জামানতের টাকা ফেরত প্রদান করা হবে।	
চ)	দরপত্র/প্রস্তাব দাখিলের সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ২০১৭-১৮ সালের ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ (প্রযোজ্য ক্ষেত্রে), ২০১৭-১৮ সালের অয়কর পরিশোধ সনদ, অভিজ্ঞতা সনদ এবং ব্যাংক কর্তৃক অর্থিক স্বচ্ছতা সনদ দাখিল করতে হবে।	
ছ)	অসম্পূর্ণ দাখিলকৃত প্রস্তাব বাতিল বলে গণ্য হবে। দরপত্র/প্রস্তাব দাখিলের সাথে দাখিলকৃত কাগজ পত্রাদি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।	
জ)	দরপত্র/প্রস্তাবের মূল্য প্রতিটি ১০০০/=(এক হাজার) টাকা মাত্র (নেগদ পরিশোধ করতে হবে)।	
ঝ)	বিজ্ঞপ্তিতে উল্লিখিত বিল বোর্ডে সংখ্যা কম বা বেশি হতে পারে এবং কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরপত্র/প্রস্তাব গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে। দরপত্রের অন্যান্য শর্তাবলী দরপত্রের শিডিউলে উল্লেখ করা হবে।	
১৬.	যোগাযোগের ঠিকানা: প্রকল্প পরিচালক, কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) শুমারি-২০১৮ প্রকল্প কার্যালয়, পরিসংখ্যান ভবন (৭ম তলা, ব্লক-১), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।	


০৩/০৪/২০১৯

জাফর আহাম্মদ খান

প্রকল্প পরিচালক

(মুদ্রাসচিব)

ফোন: ০২-৮১৮১৪১৫

ইমেইল: jaforbbs@yahoo.com